



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ২১ মে, ২০১৯

সময়: সকাল ১০.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫৫১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিগত ১৩ মে, ২০১৯ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত 'উদ্ভাবন শোকেসিং' ও ১৬ মে, ২০১৯ তারিখে 'বিদেশে শিক্ষাসফর' বিষয়ক আলোচনার গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
০১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবন শোকেসিং বিষয়ক আলোচনা।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ১৩ মে, ২০১৯ তারিখে আয়োজিত উদ্ভাবন শোকেসিং-এ "স্মার্ট ফান্ড ট্রান্সফার"-এর বিষয়টি সফলভাবে উপস্থাপনার বিষয়টি সভায় জানান হয়। উপস্থাপনাটি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রশংসিত হয় বলেও সভাকে অবহিত করা হয়। উক্ত উপস্থাপনায় পিকেএসএফ হতে প্রতিনিধিত্ব করেন জনাব জিতেন্দ্র কুমার রায়, উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)।
০২.	বিদেশে শিক্ষাসফর বিষয়ক আলোচনা।	১৬ মে, ২০১৯ তারিখে বিদেশে শিক্ষাসফর বিষয়ক আলোচনার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ২১ মে, ২০১৯ তারিখের মধ্যে ৩ জন কর্মকর্তার নাম আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের বিষয়টি সভাকে অবহিত করা হলে, পিকেএসএফ হতে চলতি অর্থবছরে ভিয়েতনাম ও থাইল্যান্ডে সফর সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। একই সাথে নতুন করে বিদেশে শিক্ষাসফরের বিষয়ে সংশ্লিষ্ট খাতে ফান্ড নেই বলে নতুন করে নাম প্রেরণ করা সম্ভব হবেনা বলে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে অবহিত করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩.	উদ্ভাবন বিষয়ক অগ্রগতি আলোচনা ও অভিজ্ঞতা বিনিময়।	পরবর্তি অর্থবছরের উদ্ভাবন বিষয়ক ধারণা প্রাপ্তির জন্য জনবল শাখাকে অবহিত করে উদ্ভাবনী ধারণা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে অভিজ্ঞতা বিনিময়ের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. একেএম নুরুজ্জামান)
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার